নির্বাহী প্রকৌশলীর দপ্তর
বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
পানি ভবন, লেভেল: ২, ব্লক: জি, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫
ফোন: ৮৮-০২-২২২২-৩০০৭০ ফ্যাক্স: ৮৮-০২-৯৫৫৭৩৮৬
ই-মেইল: ffwcbwdb@gmail.com ; ffwc05@yahoo.com
ওয়েবসাইট: www.ffwc.gov.bd

Office of The Executive Engineer
Flood Forecasting and Warning Centre
Bangladesh Water Development Board
Pani Bhaban (Level: 2, Block: G), 72 Green Road, Dhaka 1205
Phone : 88-02-2222-30070; Fax: 88-02-9557386
E-mail: ffwcbwdb@gmail.com ; ffwc05@yahoo.com
Website: www.ffwc.gov.bd

স্মারক নং: ৪২.০১.০০০০.০৮১.১৮.০০৬.২৪.১ তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# সার্কুলার

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌসুমী অতি ভারী বৃষ্টিপাতজনিত কারণে দেশের রংপুর বিভাগের তিস্তা, ধরলা, দুধকুমার, আপার করতোয়া, আপার আত্রাই, পুনর্ভবা, টাঙন, ইছামতি-যমুনা ও যমুনেশ্বরী ইত্যাদি নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে এবং এর ফলে লালমনিরহাট, নীলফামারী, রংপুর, কুড়িগ্রাম ও গাইবান্ধা জেলার তিস্তা নদীর পানি সমতল বিপদসীমা অতিক্রম করে জেলাসমূহের সংশ্লিষ্ট চরাঞ্চল এবং কতিপয় নিম্নাঞ্চল প্লাবিত হতে পারে। একইসাথে বিগত কয়েকদিনে গঙ্গা-পদ্মা নদীর পানি বৃদ্ধি এবং মৌসুমী লঘুচাপজনিত ভারী বৃষ্টিপাতের ফলে কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, যশোর, সাতক্ষীরা, খুলনা, রাজবাড়ী, ফরিদপুর, মাদারীপুর, শরীয়তপুর জেলাসমূহের নদীসমূহেরও পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।

বন্যাজনিত সম্ভাব্য পরিস্থিতি মোকাবেলায় সংশ্লিষ্ট জেলায় কর্মরত বাপাউবো'র সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের স্ব স্ব কর্মস্থানে অবস্থান করে সার্বক্ষণিক সতর্কতা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করার জন্য আদেশক্রমে নির্দেশ প্রদান করা হলো।

২। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত, বন্যাজনিত সম্ভাব্য দুর্যোগ মোকাবেলায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের স্বার্থে বাপাউবো'র উত্তরাঞ্চল, পশ্চিমাঞ্চল এবং দক্ষিণ-পশ্চিমাঞ্চল জোনভুক্ত বোর্ডের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/কর্মচারীগণের ছুটি বাতিল করা হলো।

৩। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এই আদেশ জারি করা হলো।

(সরদার উদয় রায়হান)
নির্বাহী প্রকৌশলী (পুর)
বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র
বাপাউবো, ঢাকা

**অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে, জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ প্রকল্প পরিচালক (সকল) .............বাপাউবো ......... ।
২. নিয়ন্ত্রক, অর্থ ও হিসাব/ প্রধান পানি ব্যবস্থাপনা, বাপাউবো, ঢাকা
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ প্রকল্প পরিচালক/সমমান কর্মকর্তা (সকল) .............বাপাউবো ......... ।
৫. পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ।
৬. পরিচালক, অর্থ পরিদপ্তর / হিসাবরক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৭. সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৮. নির্বাহী প্রকৌশলী/ সমমান কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল) .............বাপাউবো ......... ।
৯. সিস্টেম এনালিস্ট, সেন্ট্রাল আই সি টি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য।
১০. উপ-পরিচালক/হিসাব রক্ষণ অফিসার, আঞ্চলিক হিসাব কেন্দ্র (সকল) .............বাপাউবো ......... ।
১১. ব্যক্তিগত সহকারী অমপ, প্রশাসন/অর্থ/ইস্টর্ণ রিজিয়ন/ওয়েস্টার্ণ রিজিয়ন/ পরিকল্পনা,নকশা ও গবেষণা বাপাউবো, ঢাকা ।
১২. অফিস কপি/ মাস্টার কপি ।